

তথ্যবিবরণী

নম্বর-১৩২

সোনার বাংলা গড়ার জন্য সোনার মানুষ দরকার
- ইসলামপুর সরকারি কলেজের সংবর্ধনায় ধর্মমন্ত্রী

ইসলামপুর, জামালপুর, (মঙ্গলবার, ২৭ ফেব্রুয়ারি ২০২৪):

ধর্মমন্ত্রী মোঃ ফরিদুল হক খান বলেছেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার জন্য সোনার মানুষ দরকার। আর এই সোনার মানুষ গড়ার কারিগর হচ্ছেন শিক্ষকরা। শিক্ষার্থীদের মেধা ও মননশীলতার বিকাশ ঘটাতে শিক্ষকদের ভূমিকা সবার আগে।

আজ (২৭ ফেব্রুয়ারি) জামালপুরে ইসলামপুর সরকারি কলেজের হলরুমে তাঁকে দেয়া সংবর্ধনা অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন।

ধর্মমন্ত্রী বলেন, বাবা-মায়ের মাধ্যমেই আমাদের পৃথিবীতে আগমন ঘটে ঠিকই কিন্তু শিক্ষকরা সুন্দরভাবে গড়ে উঠতে সাহায্য করেন। এজন্য শিক্ষকদের সততা, নিষ্ঠা, আন্তরিকতা, সহমর্মিতা সবার আগে দরকার। শিক্ষার্থীদের সাথে সঠিক আচরণ ও শিক্ষার মাধ্যমেই নতুন প্রজন্মের উজ্জ্বল ভবিষ্যতের পাশাপাশি উন্নত-সমৃদ্ধ 'স্মার্ট বাংলাদেশ' গড়ে উঠবে।

স্মার্ট বাংলাদেশ গড়তে সরকারের নানামুখী উদ্যোগ তুলে ধরে মোঃ ফরিদুল হক খান বলেন, স্মার্ট বাংলাদেশ গড়তে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। তাঁর এই স্মার্ট বাংলাদেশ গঠনের উদ্যোগের সাথে আমাদের সবাইকে একাত্ম হতে হবে, ভূমিকা রাখতে হবে।

ইসলামপুর সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ মহলিম উদ্দীন আকন্দের সভাপতিত্বে এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ইসলামপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এড. আব্দুস ছালাম, এ কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ ফরিদ উদ্দীন আহমেদ প্রমুখ বক্তব্য রাখেন।

#

সিদ্দীক/মনির/দেওয়ান/হুদা/রিদওয়ান/রেজভী/২০২৪/১৭:৩০ ঘন্টা